

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা

www.mohfw.gov.bd

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.২৪৬.২০১১-

তারিখঃ ১৫.০৯.২০১৫ খ্রিস্টাব্দ

বিষয়ঃ সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৫(২) ধারা অনুযায়ী ২য় কারণ দর্শানো নোটিশ।

যেহেতু, আপনি ডাঃ জাহানারা বেগম (১০৮৯৫১), প্রভাষক, প্যাথলজি, ফরিদপুর মেডিকেল কলেজ, ফরিদপুর-কে ১৯৭৯ সালের সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ এর ৩(বি) ধারায় বর্ণিত ছুটি ব্যতিত কর্ম হতে অনুপস্থিতির অপরাধে অভিযুক্ত করে মন্ত্রণালয়ের ০৪.১২.২০১১ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.২৪৬.২০১১-১২৫২নং স্মারক মূলে বিভাগীয় মামলা রুজু করে ৫(১) ধারায় ১ম কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, উক্ত কারণ দর্শানো নোটিশটি ২৬.০৩.২০১২ তারিখে 'দৈনিক যুগান্তর' পত্রিকায় পত্রিকায় প্রকাশিত হয়;

যেহেতু, আপনি উক্ত নোটিশের কোন জবাব দাখিল করেননি এবং প্রাপ্ত কাগজপত্র ও নথি পর্যালোচনান্তে আপনাকে উল্লিখিত অধ্যাদেশের ৩(বি) ধারার অপরাধে দোষী সাব্যস্ত করা হয়েছে;

এক্ষণে সেহেতু, আপনাকে ১৯৭৯ সালের সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, এর ৪(এ) ধারা মোতাবেক সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না-এ নোটিশ জারির/প্রকাশের ০৩(তিন) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হল।

(বিমান কুমার সাহা এনডিসি)
অতিরিক্ত সচিব

ডাঃ জাহানারা বেগম (১০৮৯৫১)

প্রভাষক, প্যাথলজি

ফরিদপুর মেডিকেল কলেজ

ফরিদপুর

(স্থায়ী ঠিকানাঃ পিতা-মিয়া আব্দুল ওহাব, ৪৮নং মনিপুরি পাড়া, তেজগাঁও, ঢাকা)।

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.২৪৬.২০১২-

তারিখঃ ১৫.০৯.২০১৫ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হল)।
- ৩। অধ্যক্ষ, ফরিদপুর মেডিকেল কলেজ, ফরিদপুর।
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (নোটিশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইট প্রকাশের জন্য অনুরোধ করা হল)।

(আসমা তাসকিন)

উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

sasdisc1@mohfw.gov.bd

